



भारतीय रिज़र्व बैंक
RESERVE BANK OF INDIA

वेबसाइट : www.rbi.org.in/hindi

Website : www.rbi.org.in

ई-मेल/email : helpdoc@rbi.org.in



সংসার বিস্মাগ, কেন্দ্রীয় কার্যালয়, শাহীদ ভগত সিংহ মার্গ, ফোর্ট, মুম্বই-400001

Department of Communication, Central Office, Shahid Bhagat Singh Marg, Fort, Mumbai-400001 ফোন/Phone: 022- 22660502

24 আগস্ট, 2023

দ্য মিডনাপুর পিপল'স কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, পশ্চিমবঙ্গ-এর উপর ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আর্থিক জরিমানা আরোপ করল

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক(আরবিআই), অগস্ট 14, 2023 দিনাঙ্কিত একটি আদেশ দ্বারা, 'উন্মোচন বিধি এবং সংবিধিবদ্ধ/অন্যান্য বিধিনিষেধ-ইউসিবি সম্পর্কিত' ('Exposure Norms and Statutory / Other Restrictions – UCBs') ও 'আপনার গ্রাহককে জানুন (KYC) নির্দেশবিধি, 2016' ('Know Your Customer (KYC) Direction, 2016') সংক্রান্ত আরবিআই দ্বারা জারিকৃত নির্দেশবিধি সমূহ অমান্য করা-র মর্মে পশ্চিমবঙ্গ স্থিত দ্য মিডনাপুর পিপল'স কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড (ব্যাঙ্ক) - এর উপর ₹2.00 লক্ষ (দুই লক্ষ টাকা মাত্র) -এর আর্থিক জরিমানা আরোপ করেছে। ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 47A (1) (c) তৎসহ পঠিত ধারা 46 (4) (i) এবং ধারা 56-এর বিধানের অধীনে আরবিআই-তে ন্যস্ত ক্ষমতাবলের প্রয়োগে এই জরিমানা-টি আরোপ করা হয়েছে।

এই ক্রিয়াপদক্ষেপ-এর ভিত্তি- বিধিসম্পর্কিত(regulatory) অনুপালন কার্যে খামতি, এবং ব্যাঙ্ক কর্তৃক তার গ্রাহকের সাথে ক্রিয়াপ্রবৃষ্টি কোনও লেনদেন বা সম্মতিসনদ (agreement)-এর বৈধতা-র উপর বিচার-প্রভাব আরোপ এর অভিপ্রায় নয়।

পরিপ্রেক্ষিত

আরবিআই কর্তৃক সম্পাদিত মার্চ 31, 2022-এর ব্যাঙ্ক সংক্রান্ত আর্থিক পরিস্থিতি বিষয়ক সংবিধিবদ্ধ নিরীক্ষণ(statutory inspection), এবং তদ-বিষয়ক ঝুঁকি নির্ণয় প্রতিবেদন (Risk assessment Report), নিরীক্ষণ প্রতিবেদন (Inspection Report)-এর বিশ্লেষণ অন্যান্য বিষয়াদি-র সাথে এইমর্মে প্রকাশ করে যে- ব্যাঙ্ক টি লঙ্ঘন করেছে- বিধিবদ্ধ আন্তঃ-ব্যাঙ্ক (সার্বিক) উন্মোচন-সীমা (prudential inter-bank (gross) exposure limit) ও বিধিবদ্ধ আন্তঃ-ব্যাঙ্ক বিপরীত-পক্ষিক সীমা (prudential inter-bank counter-party limit) এবং ব্যর্থ হয়েছে অ্যাকাউন্ট সমূহের ঝুঁকি শ্রেণীবিভাজন(risk categorisation of accounts) জনিত পর্যায়ভিত্তিক সমীক্ষা (periodic review) সংক্রান্ত ব্যবস্থা প্রতিষ্ঠা করতে। এই অনুযায়ী, তদ-বিষয়ক উল্লেখের ভিত্তিতে নির্দেশবিধিসমূহ মান্য করতে ব্যর্থ হওয়ার জন্য কেন জরিমানা আরোপ করা হবে না সেইমর্মে কারণ দর্শানোর পরামর্শ দিয়ে ব্যাঙ্ক-টির প্রতি একটি বিজ্ঞপ্তি (Notice) জারি করা হয়েছিল।

বিজ্ঞপ্তি-টির সাপেক্ষে ব্যাঙ্ক টি-র জবাব, অতিরিক্ত দাখিলাদি এবং ব্যক্তিগত শুনানি কালীন এর পেশ করা মৌখিক দাখিলাদি বিবেচনা করা-র পর আরবিআই এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে আরবিআই নির্দেশবিধি অননুপালন জনিত প্রাপ্ত অভিযোগ ধার্য-ক্রিয়া(charges) বাস্তবের ভিত্তিতে প্রতিষ্ঠিত এবং আর্থিক জরিমানা আরোপ যথোপযুক্ত।

(যোগেশ দয়াল)

মুখ্য মহাপ্রবন্ধক

প্রেস প্রকাশনী : 2023-2024/805